গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১১৭/২০১৭-১৮

ঢাকা, রোববার ১৭ ডিসেম্বর ২০১৭, ৩ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার শপথ গ্রহণের মধ্য দিয়ে বিজয় দিবস উদ্‌যাপন
জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণ

২। বিজয় দিবসে প্যারেড গ্রাউন্ডে বর্ণিল কুচকাওয়াজ : রাষ্ট্রপতির প্যারেড পরিদর্শন

৩। বিজয় দিবসে বঙ্গবন্ধুভবনে জনতার ঢল : জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করলেন প্রধানমন্ত্রী

৪। বিজয়ের ৪৬ বছর পূর্তিতে বঙ্গভবনে সংবর্ধনা

৫। বিজয়ী জাতি হিসেবে মাথা উঁচু করে চলার আহ্বান প্রধানমন্ত্রীর

৬। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য প্রধানমন্ত্রীর উপহার
বিজয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত

৭। বাংলাদেশ-ভারত সহযোগিতা জোরদারে গুরুত্বারোপ : আগড়তলায় স্বাস্থ্যমন্ত্রী

৮। কলকাতাসহ সারাবিশ্বে দূতাবাসগুলোতে সাড়ম্বরে বিজয় দিবস উদ্‌যাপিত

৯। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী ছায়েদুল হকের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

১০। মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতনে দায়ীদের ওপর নিষেধাজ্ঞা আরোপের কাজ এগিয়ে চলেছে
মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

১১। অর্থবছরের প্রথম পাঁচ মাসে ফল রপ্তানিতে প্রবৃদ্ধি ৫১১ শতাংশ

চলমান পাতা-২

১। অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার শপথ গ্রহণের মধ্য দিয়ে বিজয় দিবস উদ্‌যাপন
জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণ

মুক্তিযুদ্ধের চেতনাকে লালন করে যুদ্ধাপরাধী-রাজাকার ও জঙ্গিমুক্ত অসাম্প্রদায়িক দেশ গড়ার শপথ নিয়ে বিজয়ের ৪৬ বছর পূর্তি উদ্‌যাপন করল বাংলাদেশ। নানা আয়োজনে ৩০ লাখ শহিদকে শ্রদ্ধাভরে স্মরণ করল দেশবাসী। গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) ভোরের সূর্য ওঠার আগেই শহিদদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা জানাতে সাভারের জাতীয় স্মৃতিসৌধে নামে লাখো মানুষের ঢল। জাতীয় প্যারেড গ্রাউন্ডে ভোরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে বিজয় দিবসের কর্মসূচি শুরু হয়। ভোরে সাভার জাতীয় স্মৃতিসৌধে স্মৃতিস্তম্ভের বেদিতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শুরু হয় শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন। এ সময় শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। বিউগলে বেজে ওঠে করুণ সুর। পরে প্রধানমন্ত্রী দলীয়প্রধান হিসেবে দলের নেতাকর্মীদের নিয়ে স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় মন্ত্রিপরিষদের সদস্য, প্রতিমন্ত্রী, তিনবাহিনীর প্রধান, সংসদ সদস্য, মুক্তিযোদ্ধা, কূটনীতিক, বিভিন্ন উন্নয়ন অংশীদারদের প্রতিনিধি এবং উচ্চপর্যায়ের সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী স্মৃতিসৌধস্থল ত্যাগ করার পর সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য খুলে দিলে সাধারণ মানুষের ঢল নামে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.৬)।

২। বিজয় দিবসে প্যারেড গ্রাউন্ডে বর্ণিল কুচকাওয়াজ : রাষ্ট্রপতির প্যারেড পরিদর্শন

পাকিস্তানি হানাদার বাহিনীর হাত থেকে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বিজয় অর্জনের ৪৬তম বার্ষিকী উপলক্ষে জাতীয় প্যারেড গ্রাউন্ডে গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) এক আকর্ষণীয় কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর পাশাপাশি মুক্তিযোদ্ধা, আধাসামরিক বাহিনী, আইনশৃঙ্খলা বাহিনীসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় জাতীয় প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত কুচকাওয়াজে অংশগ্রহণ করে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনায় এবং সশস্ত্রবাহিনীর পৃষ্ঠপোষকতায় সাভারে বাংলাদেশ সেনাবাহিনীর ৯ম পদাতিক ডিভিশনের তত্ত্বাবধানে অনুষ্ঠিত কুচকাওয়াজের প্রধান অতিথি হিসেবে সালাম গ্রহণ করেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাষ্ট্রপতি প্যারেড কমান্ডেন্ট মে. জে. মো. আকবর হোসেনের সঙ্গে একটি খোলা জিপে প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্যারেড অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং এসময় তিনি আকাশে বিমানবাহিনীর মহড়াসহ সশস্ত্রবাহিনীর বিভিন্ন বিভাগ ও রেজিমেন্টের বিভিন্ন ধরনের রণকৌশল মহড়া উপভোগ করেন। কুচকাওয়াজে সালাম গ্রহণশেষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী প্যারেডে অংশ নেওয়া কন্টিনজেন্ট কমান্ডারদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশ নেওয়া ভারতের সশস্ত্র বাহিনীর ২৬ সদস্যের একটি দল কুচকাওয়াজে উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

৩। বিজয় দিবসে বঙ্গবন্ধুভবনে জনতার ঢল : জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করলেন প্রধানমন্ত্রী

বিজয়ের ৪৬ বছর পূর্তিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) তিনি ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। পরে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীসহ সর্বস্তরের জনতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩)।

**৪।	বিজয়ের ৪৬ বছর পূর্তিতে বঙ্গভবনে সংবর্ধনা**

বিজয়ের ৪৬ বছর পূর্তিতে গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকেলে বঙ্গভবনে এ সংবর্ধনা অনুষ্ঠানে কয়েক হাজার অতিথি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নানা শ্রেণি-পেশার যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পাশাপাশি রাজনীতিক, সামরিক-বেসামরিক কর্মকর্তা, বিদেশি কূটনীতিক, ব্যবসায়ী প্রতিনিধি, সাংবাদিকসহ নানা পেশার মানুষের এদিন পদচারণা ছিল রাষ্ট্রপ্রধানের বাসভবনে। বরেণ্য শিল্পীদের দেশাত্মবোধক ও লোকগান, শিশুশিল্পী আর সশস্ত্রবাহিনীর বাদকদলের সংগীতের মূর্ছনা এ আয়োজনে স্বাতন্ত্র্য এনে দিয়েছিল। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

**৫।	বিজয়ী জাতি হিসেবে মাথা উঁচু করে চলার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনায় লাখো শহিদের যে ত্যাগ, সেই ত্যাগের মহিমায় তরুণ প্রজন্মকে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। এক মুহূর্তের জন্যও ভোলা যাবে না- আমরা বিজয়ী জাতি, বীরের জাতি। আমরা মাথা নত করে চলি না। এটাই আমাদের প্রতিজ্ঞা। গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) সন্ধ্যায় ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ৪৭তম বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত ‘বিজয় পতাকা হাতে চলি অবিরাম’ শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি এসব কথা বলেন। ২০২১ সালে মুক্তিযুদ্ধের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করা হবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রতিটি মানুষ যেন যুগ যুগ ধরে এ আনন্দ উৎসব করে যেতে পারে সেটাই চাই। আর যেন কোনো অন্যায়-অবিচার দেশে না হয়। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে উন্নত দেশ। অনুষ্ঠানে উপস্থিত মুক্তিযোদ্ধাদের সঙ্গেও ভিডিও কনফারেন্সে কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৬।	যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য প্রধানমন্ত্রীর উপহার**
বিজয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৭তম বিজয় দিবস উপলক্ষে গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) দেশের সকল মুক্তিযোদ্ধাকে শুভেচ্ছা জানিয়েছেন। আহত মুক্তিযোদ্ধাদের শুভেচ্ছা জানাতে প্রধানমন্ত্রী এবারও মোহাম্মদপুরের গজনবী রোডে অবস্থিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসনকেন্দ্রে মুক্তিযোদ্ধাদের জন্য ফুল, ফল এবং মিষ্টি পাঠিয়েছেন। ৪৭তম মহান বিজয় দিবস উপলক্ষে গতকাল সকালে গণভবনে ১০ টাকার স্মারক ডাকটিকিট ও উদ্বোধনী খাম অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়াও প্রধানমন্ত্রী বিজয় দিবস উপলক্ষে পাঁচ টাকা মূল্যমানের একটি ডাটা কার্ড এবং ডাক বিভাগের ইস্যুকরা একটি স্মারকগ্রন্থ অবমুক্ত করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৭।	বাংলাদেশ-ভারত সহযোগিতা জোরদারে গুরুত্বারোপ : আগরতলায় স্বাস্থ্যমন্ত্রী**

আগরতলা সফররত স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দক্ষিণ এশীয় অঞ্চলের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে বাংলাদেশ-ভারত সহযোগিতা জোরদার করতে হবে। বাংলাদেশের মুক্তিযুদ্ধে আগরতলার জনগণের সহায়তায় কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন, মুক্তিযুদ্ধের সময় ভারতের ভূমিকা দুই দেশের সম্পর্ককে এমন বন্ধনে আবদ্ধ করেছে, যা কাঁটাতারের বেড়া দিয়ে পৃথক করা যায় না। তিনি গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) বাংলাদেশ হাইকমিশন আয়োজিত বিজয় দিবসের আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। অনুষ্ঠানে ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সরকার এবং বাংলাদেশের রাজনৈতিক বিশ্লেষক সুভাষ সিংহ রায় বক্তৃতা করেন। এর আগে তিনি আগরতলা সরকারি মেডিকেল কলেজ পরিদর্শনকালে চিকিৎসক,

নার্স ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। মন্ত্রী দুই দেশের স্বাস্থ্যখাতে অভিজ্ঞতা বিনিময় জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

৮। কলকাতাসহ সারাবিশ্বে দূতাবাসগুলোতে সাড়ম্বরে বিজয় দিবস উদ্‌যাপিত

ভারতের পশ্চিমবঙ্গের কলকাতায় যথাযোগ্য মর্যাদায় গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) উদ্‌যাপিত হয়েছে বাংলাদেশের ৪৭তম বিজয় দিবস। দিনটি সাড়ম্বরে পালন করেছে ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডও। পূর্বাঞ্চলীয় কমান্ড এ উপলক্ষে তিনদিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। পূর্বাঞ্চলীয় সেনাসদর কলকাতার ফোর্ট উইলিয়ামে আয়োজিত এ বিজয় উৎসবে বাংলাদেশ থেকে ৩০ জন মুক্তিযোদ্ধা, সেনা কর্মকর্তা এবং তাঁদের পরিবার পরিজনসহ ৭২ জনের একটি প্রতিনিধিদল যোগ দিয়েছেন।

এছাড়া যথাযোগ্য মর্যাদা ও আনন্দ-উদ্দীপনার মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোতে। এ উপলক্ষে (১৬ ডিসেম্বর শনিবার) সৌদি আরবের রিয়াদে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসীহ। বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় কমিউনিটির নেতৃবৃন্দ, শিক্ষক, চিকিৎসক, পেশাজীবী ও ব্যবসায়ীসহ বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন। তাছাড়া জাপান, সিঙ্গাপুর, উজবেকিস্তান, ভিয়েতনাম, ফিলিপাইনেও গ্রহণ করা হয়েছে নানা বর্ণিল কর্মসূচি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৯। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী ছায়েদুল হকের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক আর নেই। গতকাল (১৬ ডিসেম্বর শনিবার) বিজয় দিবসের সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এ বীর মুক্তিযোদ্ধা ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। আজীবন আওয়ামী লীগের সঙ্গে যুক্ত বঙ্গবন্ধুর সান্নিধ্যে ছাত্ররাজনীতি করেছেন তিনি, হয়েছেন এমপি। পাঁচবারের এমপি ছায়েদুল হক তৃণমূলের নেতা থেকে মন্ত্রী হয়েছিলেন। ছায়েদুল হকের মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সহকর্মীর মৃত্যুতে শোক জানিয়েছেন মন্ত্রিসভার সদস্যগণ। গত ১৫ ডিসেম্বর শুক্রবার ছায়েদুল হককে দেখতে হাসপাতালে যান রাষ্ট্রপতি। এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেছেন, দেশ ও জাতির কল্যাণে এবং মুক্তিযুদ্ধের চেতনার বিকাশে ছায়েদুল হকের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

১০। মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতনে দায়ীদের ওপর মার্কিন নিষেধাজ্ঞা আরোপের কাজ এগিয়ে চলেছে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর বর্বর নির্যাতনের জন্য দায়ীদের ওপর নিষেধাজ্ঞা আরোপের কাজ এগিয়ে চলছে বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন। এরই মধ্যে দায়ী এক ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে, সম্ভাব্য আরও কয়েকজনের দায়ও খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন তিনি। মিয়ানমার পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রের অবস্থানের কথা বলতে গিয়ে গত শুক্রবার (১৫ ডিসেম্বর) জাতিসংঘে টিলারসন সাংবাদিকদের এসব জানান বলে রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪)।

১১। অর্থবছরের প্রথম পাঁচ মাসে ফল রপ্তানিতে প্রবৃদ্ধি ৫১১ শতাংশ

নতুন বাজার তৈরি ও ইইউ'র শর্তসাপেক্ষে নিষেধাজ্ঞা তুলে নেওয়ায় ফল রপ্তানিখাতে প্রবৃদ্ধি অনেক বেড়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর হিসেবে, প্রথম পাঁচ মাসেই পুরো অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি ফল রপ্তানি হয়েছে। এ সময়ে বিশ্বের বিভিন্ন দেশে মোট রপ্তানিকৃত ফলের আয় ২ দশমিক ১৪ মিলিয়ন মার্কিন

ডলার বা ১৭ কোটি ১২ লাখ টাকা। যা অর্থবছরের মোট লক্ষ্যমাত্রার চেয়েও এক কোটি ১২ লাখ টাকা বেশি। চলতি ২০১৭-১৮ অর্থবছরের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় দুই মিলিয়ন মার্কিন ডলার বা ১৬ কোটি টাকা। এতে জুলাই-নভেম্বর মেয়াদের জন্য লক্ষ্যমাত্রা ছিল ছয় কোটি ১৬ লাখ টাকা। সে হিসেবে এ পাঁচ মাসে লক্ষ্যমাত্রার চেয়ে ১৭৮ শতাংশ বেশি প্রবৃদ্ধি অর্জন করেছে। এছাড়া গত অর্থবছরের একই সময়ে মোট আয় ছিল শূন্য দশমিক ৩৫ মিলিয়ন মার্কিন ডলার বা দুই কোটি ৮০ লাখ টাকা। সে হিসেবে এ সময়ে প্রবৃদ্ধি হয়েছে ৫১১ শতাংশ। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৫,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সর্বশেষ বার্ষিক অগ্রগতি প্রতিবেদনে একটিমাত্র শ্রেণিকক্ষ দিয়ে চলছে দেশের ৬ হাজার ৫৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আর মাত্র দুইটি শ্রেণিকক্ষ আছে ২ হাজার ৮০৯টি প্রাথমিক বিদ্যালয়ের এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে মানসম্মত পাঠদান নিশ্চিত করতে বিদ্যালয়গুলোর অবকাঠামো সংকট দূর করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** মেয়াদোত্তীর্ণ সিএনজি অটোরিকশার মেয়াদ আর না বাড়িয়ে নতুন অটোরিকশা নামানোর সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** ঈশ্বরদীর মাঝগ্রাম থেকে পাবনা পর্যন্ত ট্রায়াল ট্রেন চালু হওয়ায় পাবনাবাসীর স্বপ্নপূরণ হয়েছে বলে মন্তব্য।

ঘ. **সমকাল :** বিভিন্ন ধরনের পরীক্ষার প্রশ্ন ফাঁসের ঘটনার সঙ্গে যুক্ত ২৪ জনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী উল্লেখ করে এ ধরনের কঠোর পদক্ষেপ প্রশ্ন ফাঁস রোধে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ভোরের কাগজ :** অযত্ন, অবৈধ দখল, অবহেলায় মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত বধ্যভূমিগুলো নিশ্চিহ্ন হতে চলায় উদ্বেগ প্রকাশ করে বধ্যভূমিগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণের সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের সাধারণ জনগণের কাছে স্বাস্থ্যসেবা সহজলভ্য করতে সরকারি-বেসরকারি পর্যায়ে উদ্যোগ গ্রহণের বিষয়ে রাষ্ট্রপতি যে অভিমত প্রকাশ করেছেন তাকে স্বাগত জানিয়ে রোগীদের যথাযথ সেবা প্রদানে সংশ্লিষ্টদের আরো এগিয়ে আসার আহ্বান।

ছ. **ডেইলি সান :** দেশের অর্থনৈতিক উন্নয়ন আরও ত্বরান্বিত করতে কৃষিখাতের প্রবৃদ্ধি বাড়ানোর উদ্যোগ জোরদার করার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** অমুক্তিযোদ্ধাদের মুক্তিযোদ্ধাদের নামের তালিকায় অন্তর্ভুক্ত করার অনিয়মের বিরুদ্ধে জামালপুরের মুক্তিযোদ্ধা আবুল হোসেনের অভিনব প্রতিবাদের পরিপ্রেক্ষিতে অমুক্তিযোদ্ধাদের নাম বাতিল করে সঠিক মুক্তিযোদ্ধার তালিকা প্রণয়নের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বাধীনতার শত্রুদের সঙ্গে আপস করে স্বাধীনতা ও সার্বভৌমত্ব সুসংহত করা সম্ভব নয়।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে **'আনন্দঘন পরিবেশ শিশুশিক্ষার মূল নিয়ামক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে শিশুর প্রতিভা বিকাশে আনন্দঘন পরিবেশে পাঠদান নিশ্চিত করার জন্য পরিবার, সমাজ, শিক্ষাপ্রতিষ্ঠান ও রাষ্ট্রকে নিজ নিজ অবস্থান থেকে যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা